/

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
www.rajshahi.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৮১০০.০০৬.০৫.০০১.২৪- ৯১

তারিখ: ১২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
২৫ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ষষ্ঠ উপজেলা পরিষদের ৪র্থ পর্যায়ের সাধারণ নির্বাচন উপলক্ষে উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি-৮৩ অনুযায়ী নির্বাচনী এলাকার পোস্টার, ব্যানার, তোরণ ইত্যাদি অপসারণ প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি-৮৩ অনুযায়ী নির্বাচনী এলাকার পোস্টার, ব্যানার, তোরণ ইত্যাদি অপসারণে আইন প্রয়োগকারী সংস্থার ক্ষমতা নিম্নরূপ:

১। নির্বাচন সংক্রান্ত দায়িত্ব পালনরত কোন পুলিশ কর্মকর্তা বা আইন প্রয়োগকারী সংস্থার অন্য কোন সদস্য

(ক) কোন প্রার্থীর নির্ধারিত মাপ হতে বড় মাপের পোস্টার বা প্রতীক;

(খ) কোন প্রার্থীর জন্য তৈরী গেইট বা তোরণ বা ঘের;

(গ) ইউনিয়ন বা পৌরসভার ওয়ার্ড পর্যায়ে ৬০০ (ছয়শত) বর্গফুট এবং কেন্দ্রীয় পর্যায়ে ১২০০ (এক হাজার দুইশত) বর্গফুটের অতিরিক্ত এলাকাব্যাপী কোন প্রার্থীর নির্বাচনী ক্যাম্প বা অফিস;

(ঘ) কোন প্রার্থী কর্তৃক কোন নির্বাচনী এলাকায় নির্বাচনী প্রচার কাজে যেকোন সময়ে ব্যবহৃত জনসভা ব্যতিরেকে ০১ (এক) টির অধিক নির্বাচনী ক্যাম্প বা শব্দের মাত্রা বর্ধণকারী অন্যবিধ যন্ত্র অথবা জনসভায় ০৪ (চার) টির অধিক মাইক বা শব্দের মাত্রা বর্ধণকারী অন্যবিধ যন্ত্র;

(ঙ) প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থীর প্রতি ইউনিয়নে ০১ (এক) টি ও পৌরসভা এলাকায় প্রতি ০৩ (তিন) টি ওয়ার্ডে ০১ (এক) টির অধিক নির্বাচনী ক্যাম্প বা অফিস এবং কোন উপজেলায় ০১ (এক) টির অধিক কেন্দ্রীয় ক্যাম্প বা অফিস;

(চ) যে কোন প্রকার বিদ্যুৎ ব্যবহারপূর্বক কোন প্রার্থীর নির্বাচনী প্রচারণায় অংশ হিসেবে আলোকসজ্জা;

(ছ) কোন প্রার্থীর জন্য প্রচারণার পন্থা হিসাবে কালি বা অন্য যে কোনভাবে কোন দেওয়াল, দালান, থাম, সেতু, যানবহন বা জলযানে বা এইরূপ বিজ্ঞাপনের জন্য নির্দিষ্ট নয় এইরূপ স্থানে অঙ্কিত, লিখিত বা চিত্রাঙ্কিত প্রচারণা; অথবা

(জ) প্রচারণায় আচরণবিধি লঙ্ঘন করে মোটরসাইকেল বা যন্ত্রচালিত যান ব্যবহার সম্পর্কে যে সময়ে বা যে স্থানে অবহিত হন বা উহা তার গোচরীভূত হয়, তিনি তৎক্ষণাৎ এবং উক্ত স্থানেই তা মুছে ফেলার বা ক্ষেত্রমত অপসারণ বা জব্দ করার নির্দেশ দিবেন।

২। কোন পুলিশ কর্মকর্তা বা আইন প্রয়োগকারী সংস্থার অন্য কোন সদস্য যুক্তিসংগত কারণ ব্যতীত উপ-বিধি (১) এর অধীন ব্যবস্থা গ্রহণ করতে ব্যর্থ হলে বা ব্যবস্থা গ্রহণে অবহেলা করলে, তিনি অদক্ষতা বা অসদাচরণের অপরাধে দোষী বলে গণ্য হবেন এবং কমিশন বা রিটার্নিং অফিসার অনুরোধ করলে তার নিয়োগকারী কর্তৃপক্ষ তার বিরুদ্ধে যথাযথ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করবে এবং কমিশন বা ক্ষেত্রমতে রিটার্নিং অফিসারকে গৃহীত ব্যবস্থা সম্পর্কে অবহিত করবে এবং উক্ত গৃহীত ব্যবস্থা কর্মকর্তার সার্ভিস রেকর্ডে লিপিবদ্ধ করবে।

৩। কোন রিটার্নিং অফিসার বা সহকারী রিটার্নিং অফিসার বা ক্ষেত্রমতে কমিশন হইতে ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা, কোন পুলিশ কর্মকর্তাকে বা নির্বাচন সংক্রান্ত দায়িত্ব পালনকারী আইন প্রয়োগকারী সংস্থার অন্য সদস্যকে তৎকর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে উপ-বিধি (১) এর অধীন অপসারণযোগ্য কোন পদার্থ, দ্রব্য বা সামগ্রী অপসারণ করতে নির্দেশ দিতে পারবেন এবং অনুরূপ পুলিশ কর্মকর্তা বা আইন প্রয়োগকারী সংস্থার কোন সদস্য এইরূপ নির্দেশ পালনে ত্বরিত ব্যবস্থা গ্রহণ করবেন এবং প্রতিপালন সম্পর্কে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসারকে রিপোর্ট করবেন।

৪। কোন পুলিশ কর্মকর্তা বা আইন প্রয়োগকারী সংস্থার অন্য কোন সদস্য যুক্তিসংগত কারণ ব্যতীত উপ-বিধি (৩) এ উল্লিখিত নির্দেশ পালন করতে ব্যর্থ হলে বা অস্বীকার করলে বা অবহেলা করলে তিনি অদক্ষতা বা অসদাচরণের অপরাধে দোষী বলে গণ্য হবেন এবং তার ক্ষেত্রেও উপ-বিধি (২) এর বিধান প্রযোজ্য হবে।

৫। কোন রিটার্নিং অফিসার বা সহকারী রিটার্নিং অফিসার, কোন প্রার্থী বা তার নির্বাচনী এজেন্টকে উপ-বিধি (১) এর অধীন অপসারণযোগ্য কোন পদার্থ, দ্রব্য বা সামগ্রী বা যান অবিলম্বে অপসারণ বা জব্দ করতে নির্দেশ দিতে পারবেন এবং উক্ত প্রার্থী বা তার নির্বাচনী এজেন্ট অনুরূপ নির্দেশ পালন করবেন এবং উক্ত নির্দেশ পালন সম্পর্কে রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসারের নিকট রিপোর্ট করবেন।

৬। কোন প্রার্থী বা তার নির্বাচনী এজেন্ট যুক্তিসংগত কারণ ব্যতীত উপ-বিধি (৫) এর অধীন প্রদত্ত নির্দেশ পালনে ব্যর্থ হলে বা অস্বীকার বা অবহেলা করলে তিনি বা ক্ষেত্রমতে তার নির্বাচনী এজেন্ট অথবা উভয়েই বিধি ৭০ এর অধীন বেআইনী আচরণের অপরাধে দোষী বলে গণ্য হবেন।

৭। কোন পুলিশ কর্মকর্তা বা আইন প্রয়োগকারী সংস্থার অন্য কোন সদস্য কর্তৃক অপসারিত কোন পদার্থ, দ্রব্য বা সামগ্রী বা যান প্রার্থীর দখল হতে জব্দ করা হয়েছে বলে গণ্য হবে এবং এরূপ অপসারণের সময় বিনষ্ট না হয়ে থাকলে উক্ত পদার্থ, দ্রব্য বা সামগ্রী নিকটতম থানার হেফাজতে রাখতে হবে এবং কোন নির্বাচনী দরখাস্ত বিচারাধীন না থাকলে অনুরূপ হেফাজতের তারিখ হতে ০৬ (ছয়) মাস অতিক্রান্ত হওয়ার পর জব্দকৃত মালামাল বিনষ্ট করা যাবে বা রাষ্ট্রের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।

৮। কোন পুলিশ কর্মকর্তা বা আইন প্রয়োগকারী সংস্থার অন্য কোন সদস্য এই বিধির অধীন তার দায়িত্ব পালন বা ক্ষমতা প্রয়োগের জন্য প্রয়োজনীয় বলপ্রয়োগসহ যে কোন পদক্ষেপ বা ব্যবস্থা গ্রহণ করতে বা করাতে পারবেন।

৯। এই বিধির অধীন গৃহীত কোন ব্যবস্থা অবিলম্বে কমিশনকে এবং রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসারকেও অবহিত করতে হবে।

১০। এই বিধির অধীন গৃহীত কোন ব্যবস্থা এই বিধিমালার অন্য কোন বিধানের অধীন গৃহীতব্য অন্য কোন ব্যবস্থা বা আরোপিত অন্য কোন শাস্তির অতিরিক্ত হবে।

১১। এই বিধির অধীন কোন ব্যবস্থা বিধি ১৩ এর উপ-বিধি (১) এর অধীন প্রজ্ঞাপন জারীর তারিখ হতে সংশ্লিষ্ট নির্বাচনী এলাকার ভোটগ্রহণ সম্পন্ন হওয়া পর্যন্ত, উভয়দিনসহ, সময়ের মধ্যে যে কোন সময়ে গ্রহণ করা যাবে।

এমতাবস্থায়, উপজেলা পরিষদ নির্বাচন বিধিমালা, ২০১৩ এর বিধি-৮৩ অনুসরণপূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করে তা নিম্নস্বাক্ষরকারীকে অবহিতকরণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

২৫/০৪/২৪
(মির্জা ইমাম উদ্দিন)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী
ও
রিটার্নিং অফিসার
ষষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন
ফোনঃ ০২৫৮৮৮-৫৫৯৭৬ (অফিস)
ইমেইল: admrajshahi@mopa.gov.bd

অফিসার ইনচার্জ
চারঘাট/কাটাখালী/বেলপুকুর/বাঘা থানা, রাজশাহী

স্মারক নং-০৫.৪৩.৮১০০.০০৬.০৫.০০১.২৪- ১১/১(২৪)

তারিখ: ১২ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ / ২৫ এপ্রিল ২০২৪ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

১. সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, আগারগাঁও, ঢাকা
২. বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী
৩. উপ-মহাপুলিশ পরিদর্শক, রাজশাহী রেঞ্জ, রাজশাহী
৪. পুলিশ কমিশনার, রাজশাহী মেট্রোপলিটন পুলিশ, রাজশাহী
৫. জেলা প্রশাসক, রাজশাহী
৬. পুলিশ সুপার, রাজশাহী
৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
৮. উপপরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী
৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার, রাজশাহী
১০. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, রাজশাহী
১১. উপজেলা নির্বাহী অফিসার, চারঘাট/বাঘা, রাজশাহী ও সহকারী রিটার্নিং অফিসার
১২. উপজেলা নির্বাচন অফিসার, চারঘাট/বাঘা, রাজশাহী

২৫/০৪/২৪
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, রাজশাহী
ও
রিটার্নিং অফিসার
ষষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন